

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫৩৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০০২] ১৪. কিতাবুল বিত্র (বিতর নামায) (کتاب الوتر) পরিচ্ছেদঃ রুকুর আগে ও পরে কুনৃত পড়া

باب الْقُنُوتِ قَبْلَ الرُّكُوعِ وَبَعْدَهُ

আরবী

الله عن أنس : أنّه سُئِلَ عَنِ الْقُنُوتِ، فَقَالَ: قَدْ كَانَ الْقُنُوتُ، فَقِيْلَ لَهُ: قَبْلَ الرُّكُوعِ أَقْ بَعْدَهُ؟ قَالَ: قَبْلَهُ. قَالَ: فَإِنَّ فُلانًا أَخْبَرَنِي عَنْكَ أَنَّكَ قُلْتَ بَعْدَ الرُّكُوعِ. فَقَالَ: كَذَبَ، إِنَّمَا قَنْتَ رَسُولُ اللّهِ بَعْدَ الرُّكُوعِ شَهْرًا، أُرَاهُ كَانَ بَعَثَ قَوْمًا يُقَالُ لَهُمُ الْقُرَّاءُ زُهَاءَ سَبْعِينَ رَجُلاً إِلَى قَوْمٍ مِنَ الْمُشْرِكِينَ دُونَ أُولَئِكَ، وَكَانَ بَيْنَهُمْ وَبَيْنَ رَسُولِ اللّهِ عَهْدٌ، فَقَنَتَ رَسُولُ اللّهِ شَهْرًا يَدْعُو عَلَيْهِمْ.

وَفِيْ رِوَايَةٍ عَنْهُ قَالَ: قَنَتَ النَّبِيُّ شَهْرًا، يَدْعُو عَلَى رِعْلٍ وَذَكْوَانَ

বাংলা

৫৩৭) আনাস (রাঃ) হতে বর্ণিত, তাঁকে দু'আ কুনৃত পাঠ করা সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বললেনঃ নবী সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লামের যামানায় কুনৃত পড়া হত। তাঁকে প্রশ্ন করা হল, রুকূর আগে না পরে? উত্তরে তিনি বললেনঃ রুকূর পূর্বে। তাঁকে পুনরায় বলা হল, অমুক ব্যক্তি আপনার পক্ষ হতে বর্ণনা করে থাকে যে, আপনি বলেছেনঃ রুকূর পরে কুনৃত পড়তে হবে। আনাস (রাঃ) বললেনঃ সে মিথ্যা (ভুল) বলেছে। নবী সাল্লাল্লাল্থ আলাইহি ওয়া সাল্লাম একমাস পর্যন্ত রুকূর পরে কুনৃত পড়েছেন। আমার ধারণা মুশরেকদের কোন একটি গোত্রের নিকট তিনি আনুমানিক ৭০জন লোকের একটি বাহিনী প্রেরণ করেছিলেন। তাদেরকে কারী বলা হত। এই মুশরেক গোত্র ঐ সমস্ত মুশরেক গোত্রের অন্তর্ভূক্ত ছিলনা, যাদের ও নবী সাল্লাল্লাল্থ আলাইহি ওয়া সাল্লামের মধ্যে চুক্তি ছিল। (মুশরেক গোত্র কর্তৃক কারীদেরকে হত্যা করার সংবাদ আসলে) রাসূল সাল্লাল্লাল্থ আলাইহি ওয়া সাল্লাম একমাস পর্যন্ত দু'আ কুনৃত পাঠ করেছেন। দু'আ কুনৃতে তাদের বিরুদ্ধে বদ দু'আ করেছেন।

আনাস (রাঃ) হতে অন্য বর্ণনায় এসেছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একমাস পর্যন্ত দু'আ কুনৃত পড়েছেন। তাতে তিনি রি'ল ও যাকওয়ান গোত্রের উপর বদ দু'আ করেছেন।

English



To recite Qunut before and after bowing

Narrated `Asim:

I asked Anas bin Malik about the Qunut. Anas replied, "Definitely it was (recited)". I asked, "Before bowing or after it?" Anas replied, "Before bowing." I added, "So and so has told me that you had informed him that it had been after bowing." Anas said, "He told an untruth (i.e. "was mistaken," according to the Hijazi dialect). Allah's Messenger (*) recited Qunut after bowing for a period of one month." Anas added, "The Prophet (*) sent about seventy men (who knew the Qur'an by heart) towards the pagans (of Najd) who were less than they in number and there was a peace treaty between them and Allah's Messenger (*) (but the Pagans broke the treaty and killed the seventy men). So Allah's Messenger (*) recited Qunut for a period of one month asking Allah to punish them."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন